# বিবিধ ব্যক্তিগত বিধি (প্রসারণ) আইন, ১৯৫৯

**১৯৫৯-এর ৪৮ নং আইন**

[১লা জুন, ১৯৮৮ তারিখে যথ-বিদ্যমান]

**কোন কোন ব্যক্তিগত বিধি ভারতের যে অংশসমূহে বর্তমানে বলবৎ নহে, সেই অংশসমূহ উহাদের প্রসারণের ব্যবস্থা করণার্থ আইন।**

[৪ঠা ডিসেম্বর, ১৯৫৯]

ভারত সাধারণতন্ত্রের দশম বৎসরে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইল—

১। (১) এই আইন বিবিধ ব্যক্তিগত বিধি (প্রসারণ) আইন, ১৯৫৯ নামে অভিহিত হইবে। সংক্ষিপ্ত নাম ও প্রারম্ভ।

(২) কেন্দ্রীয় সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্দিষ্ট করিবেন সেই তারিখে ইহা বলবৎ হইবে।

২। এই আইনে "নির্দিষ্ট দিন" বলিতে সেই তারিখ বুঝাইবে যে তারিখে এই আইন বলবৎ হয়। সংজ্ঞার্থ।

৩। নির্দিষ্ট দিনে ও তদবধি, তফসিল ১-এ বিনির্দিষ্ট আইনসমূহ তত্র বিনির্দিষ্ট প্রণালীতে সংশোধিত হইয়া যাইবে। কোন কোন আইনের প্রসারণ ও সংশোধন।

৪। (১) নির্দিষ্ট দিনে ও তদবধি, তফসিল ২-এ বিনির্দিষ্ট আইনসমূহ এবং তফসিল ১-এ বিনির্দিষ্ট আইনসমূহের অনুরূপ অন্য আইনসমূহ ঐ দিনের অব্যবহিত পূর্বে যে রাজ্যক্ষেত্রসমূহে যথাক্রমে প্রসারিত ছিল সেই রাজ্যক্ষেত্রসমূহে নিরসিত হইয়া যাইবে। নিরসন ও ব্যাবৃত্তি।

(২) (১) উপধারার কোন কিছুই প্রভাবিত করিবে না—

(ক) ঐরূপে নিরসিত কোনও আইনের পূর্বকালীন সক্রিয়তাকে অথবা তদনুসারে যথাযথভাবে কৃত বা অবসহন-কৃত কোন কিছুকে ; অথবা

(খ) ঐরূপে নিরসিত কোনও আইন অনুযায়ী অর্জিত, উদ্ভূত বা উপগত কোন অধিকার, বিশেষাধিকার, দায় বা দায়িতাকে ;

(গ) ঐরূপে নিরসিত কোন আইনের বিরুদ্ধে কৃত কোন অপরাধ সম্পর্কে উপগত কোন দণ্ড, বাজেয়াপ্তি বা শাস্তিকে ; অথবা

(ঘ) পূর্বোক্ত রূপ কোনও অধিকার, বিশেষাধিকার, দায়, দায়িতা, দণ্ড, বাজেয়াপ্তি বা শাস্তি সম্পর্কে কোন তদন্ত, বৈধিক কার্যবাহ বা প্রতিবিধানকে;

এবং যেন এই আইন গৃহীত হয় নাই এইভাবে, ঐরূপ কোন তদন্ত, বৈধিক কার্যবাহ বা প্রতিবিধান রুজু করিতে, চালাইয়া যাইতে বা বলবৎ করিতে পারা যাইবে এবং ঐরূপ কোন দণ্ড, বাজেয়াপ্তি বা শাস্তি আরোপ করিতে পারা যাইবেঃ

তবে, ঐরূপ কোন আইন অনুযায়ী কৃত কোন কিছু বা অবলম্বিত কোন ব্যবস্থা সংশ্লিষ্ট রাজ্যক্ষেত্রে এক্ষণে প্রসারিত আইনের অনুরূপ বিধান অনুযায়ী কৃত বা অবলম্বিত বলিয়া গণ্য হইবে এবং তদনুসারে বলবৎ থাকিয়া যাইবে, যদি না ও যে পর্যন্ত না উহা উক্ত আইন অনুযায়ী কৃত কোন কিছুর দ্বারা বা অবলম্বিত কোন ব্যবস্থার দ্বারা অধিক্রান্ত হয়।

## তফসিল ১

(৩ ধারা দ্রষ্টব্য)

### ধর্মান্তরিত ব্যক্তিগণের বিবাহ ভঙ্গ আইন, ১৮৬৬

(১৮৬৬-র ২১)

৩৫ ধারা ।—"১৯৫৬-র ১লা নভেম্বরের অব্যবহিত পূর্বে যে রাজ্যক্ষেত্রসমূহ ভাগ খ রাজ্যসমূহের অন্তর্গত ছিল সেই রাজ্যক্ষেত্রসমূহ ব্যতীত"—ইহার স্থলে "জম্মু ও কাশ্মীর রাজ্য এবং সংঘশাসিত রাজ্যক্ষেত্র মণিপুর ব্যতীত"—প্রতিস্থাপিত হইবে।

### আনন্দ বিবাহ আইন, ১৯০৯

(১৯০৯-এর ৭)

১ ধারা ।—(২) উপধারায়, "১৯৫৬-র ১লা নভেম্বরের অব্যবহিত পূর্বে যে রাজ্যক্ষেত্রসমূহ ভাগ খ রাজ্যসমূহের অন্তর্গত ছিল সেই রাজ্যক্ষেত্রসমূহ ব্যতীত"—ইহার স্থলে, "জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত"—প্রতিস্থাপিত হইবে।

### হিন্দু সম্পত্তি বিলিব্যবস্থা আইন, ১৯১৬

(১৯১৬-র ১৫)

১ ধারা ।—(২) উপধারার স্থলে "(২) ইহা জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত সমগ্র ভারতে প্রসারিত হইবে।"—প্রতি-স্থাপিত হইবে।

### হিন্দু দায়াধিকার (নির্যোগ্যতা দূরীকরণ) আইন, ১৯২৮

(১৯২৮-এর ১২)

১ ধারা ।—(২) উপধারায়, "১৯৫৬-র ১লা নভেম্বরের অব্যবহিত পূর্বে যে রাজ্যক্ষেত্রসমূহ ভাগ খ রাজ্যসমূহের অন্তর্গত ছিল সেই রাজ্যক্ষেত্রসমূহ ব্যতীত"—ইহার স্থলে "জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত"—প্রতিস্থাপিত হইবে।

২ ধারা।—"দায়াধিকার হইতে অথবা"-বাদ যাইবে।

### হিন্দু বিদ্যার্জিত লাভ আইন, ১৯৩০

(১৯৩০-এর ৩০)

১ ধারা ।—(২) উপধারায়, "১৯৫৬-র ১লা নভেম্বরের অব্যবহিত পূর্বে যে রাজ্যক্ষেত্রসমূহ ভাগ খ রাজ্যসমূহের অন্তর্গত ছিল সেই রাজ্যক্ষেত্রসমূহ ব্যতীত"—ইহার স্থলে "জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত"—প্রতিস্থাপিত হইবে।

### মুসলমান ব্যক্তিগত বিধি (শরিয়ৎ) প্রয়োগ আইন, ১৯৩৭

(১৯৩৭-এর ২৬)

১ ধারা ।—(২) উপধারায়, "১৯৫৬-র ১লা নভেম্বরের অব্যবহিত পূর্বে যে রাজ্যক্ষেত্রসমূহ ভাগ খ রাজ্যসমূহের অন্তর্গত ছিল সেই রাজ্যক্ষেত্রসমূহ ব্যতীত"—ইহার স্থলে "জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত"—প্রতিস্থাপিত হইবে।

### মুসলমান বিবাহ ভঙ্গ আইন, ১৯৩৯

(১৯৩৯-এর ৮)

১ ধারা ।—(২) উপধারায়, "১৯৫৬-র ১লা নভেম্বরের অব্যবহিত পূর্বে যে রাজ্যক্ষেত্রসমূহ ভাগ খ রাজ্যসমূহের অন্তর্গত ছিল সেই রাজ্যক্ষেত্রসমূহ ব্যতীত"—ইহার স্থলে "জম্মু ও কাশ্মীর রাজ্য ব্যতীত"—প্রতিস্থাপিত হইবে।

## তফসিল ২

[৪(১) ধারা দ্রষ্টব্য]

হিন্দু হস্তান্তর ও উইলমূলক দান (মাদ্রাজ নগর) আইন, ১৯২১ (১৯২১-এর ৮)।

হায়দ্রাবাদ হিন্দু বিদ্যার্জিত লাভ আইন, ১৩৪৪-এফ (১৩৪৪-এফ-এর ৫ নং হায়দ্রাবাদ আইন)।

হায়দ্রাবাদ (কেন্দ্রীয় আইনসমূহের প্রয়োগ) আইন, ১৯৫২ (১৯৫২-র ৪৮ নং হায়দ্রাবাদ আইন), যতদূর পর্যন্ত উহা তফসিল ১-এ বিনির্দিষ্ট আইনসমূহের কোনটির সহিত সম্পর্কিত।

অন্ধ্র প্রদেশ (বিধিসমূহের প্রসারণ) আইন, ১৯৫৮ (১৯৫৮-র ২৩ নং অন্ধ্র প্রদেশ আইন), যতদূর পর্যন্ত উহা হিন্দু বিদ্যার্জিত লাভ আইন, ১৯৩০-এর সহিত সম্পর্কিত।

সৌরাষ্ট্র রাজ্য (কেন্দ্রীয় ও বোম্বাই আইনসমূহের প্রয়োগ) অধ্যাদেশ, ১৯৪৮ (১৯৪৮-এর ২৫ নং সৌরাষ্ট্র অধ্যাদেশ), যতদূর পর্যন্ত উহা—

(ক) হিন্দু দায়াধিকার (নির্যোগ্যতা দূরীকরণ) আইন, ১৯২৮ (১৯২৮-এর ১২), এবং

(খ) হিন্দু বিদ্যার্জিত লাভ আইন, ১৯৩০ (১৯৩০-এর ৩০)-এর

সহিত সম্পর্কিত।

সৌরাষ্ট্র মুসলমান বিবাহ ভঙ্গ আইন, ১৯৫২ (১৯৫২-র ২৬ নং সৌরাষ্ট্র আইন)।

ত্রিবাঙ্কুর মুসলমান উত্তরাধিকার আইন, ১১০৮ (১১০৮-এর ১১)।

কোচিন মুসলমান উত্তরাধিকার আইন, ১১০৮ (১১০৮-এর ১৫)।

ত্রিবাঙ্কুর হিন্দু দায়াধিকার (নির্যোগ্যতা দূরীকরণ) আইন, ১১১৪ (১১১৪-র ১৮)।

ত্রিবাঙ্কুর হিন্দু বিদ্যার্জিত লাভ আইন, ১১১৭ (১১১৭-র ৩)।

কোচিন মুসলমান বিবাহ ভঙ্গ আইন, ১১২০ (১১২০-র ২২)।

মধ্য ভারত (বিধিসমূহ গ্রহণ) আইন, সম্বত্ ২০০৯ (১৯৫৩-র ১ আইন), যতদূর পর্যন্ত উহা—

(ক) আনন্দ বিবাহ আইন, ১৯০৯ (১৯০৯-এর ৭),

(খ) হিন্দু সম্পত্তি বিলিব্যবস্থা আইন, ১৯১৬ (১৯১৬-র ১৫),

(গ) হিন্দু দায়াধিকার (নির্যোগ্যতা দূরীকরণ) আইন, ১৯২৮ (১৯২৮-এর ১২),

(ঘ) হিন্দু বিদ্যার্জিত লাভ আইন, ১৯৩০ (১৯৩০-এর ৩০), এবং

(ঙ) মুসলমান ব্যক্তিগত বিধি (শরিয়ৎ) প্রয়োগ আইন, ১৯৩৭ (১৯৩৭-এর ২৬)-এর

সহিত সম্পর্কিত।

মধ্য ভারত মুসলমান বিবাহ ভঙ্গ আইন, ১৯৫৬ (১৯৫৬-র ১৪)।

মাদ্রাজ হিন্দু হস্তান্তর ও উইলমূলক দান আইন, ১৯১৪ (১৯১৪-র ১ নং মাদ্রাজ আইন)।

মহীশূর ধর্মান্তরিত ব্যক্তিগণের বিবাহ ভঙ্গ আইন, ১৮৬৬ (১৮৬৬-র ২১ নং মহীশূর আইন), মহীশূরে যথা-প্রসারিত।

মহীশূর হিন্দু বিধি (স্ত্রীলোকের অধিকার) আইন, ১৯৩৩ (১৯৩৩-এর ১০ নং মহীশূর আইন)-এর ৬ ধারা।

মহীশূর হিন্দু দায়াধিকার (নির্যোগ্যতা দূরীকরণ) আইন, ১৯৩৮ (১৯৩৮-এর ৫ নং মহীশূর আইন)।

মহীশূর মুসলমান বিবাহ ভঙ্গ আইন, ১৯৪৩ (১৯৪৩-এর ৪৩ নং মহীশূর আইন)।

রাজস্থান সংযুক্ত রাজ্য মুসলমান ব্যক্তিগত বিধি (শরিয়ৎ) প্রয়োগ অধ্যাদেশ, ১৯৪৯ (১৯৪৯-এর ১৪)।

রাজস্থান (কেন্দ্রীয় বিধিসমূহের অভিযোজন) অধ্যাদেশ, ১৯৫০ (১৯৫০-এর ৪), যতদূর পর্যন্ত উহা—

(ক) আনন্দ বিবাহ আইন, ১৯০৯ (১৯০৯-এর ৭),

(খ) হিন্দু সম্পত্তি বিলিব্যবস্থা আইন, ১৯১৬ (১৯১৬-র ১৫),

(গ) হিন্দু দায়াধিকার (নির্যোগ্যতা দূরীকরণ) আইন, ১৯২৮ (১৯২৮-র ১২),

(ঘ) হিন্দু বিদ্যার্জিত লাভ আইন, ১৯৩০ (১৯৩০-এর ৩০), এবং

(ঙ) মুসলমান বিবাহ ভঙ্গ আইন, ১৯৩৯ (১৯৩৯-এর ৮)-এর

সহিত সম্পর্কিত।